## ৪৭তম বিসিএস (লিখিত) পরীক্ষা

পানাম নগর

**আন্তর্জাতিক বিষয়াবলি**
**বিষয় কোড : ০০৭**
**নির্ধারিত সময় : ৩ ঘণ্টা**
পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১। **সংক্ষেপে উত্তর দিন :** ৪ × ১০ = ৪০

(ক) আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে রাষ্ট্রীয় ও অ-রাষ্ট্রীয় প্রভাবক বলতে কী বোঝায়? কয়েকটি অ-রাষ্ট্রীয় প্রভাবকের উদাহরণ দিন।

(খ) জাতিসংঘের কয়টি বিশেষায়িত সংস্থা রয়েছে? World Intellectual Property Organization (WIPO) এর মূল কাজসমূহ কী কী ও এর বাজেটের মূল উৎস কী?

(গ) অর্থনৈতিক জাতীয়তাবাদ (Economic Nationalism) বলতে কী বোঝায়? উদাহরণসহ ব্যাখ্যা করুন।

(ঘ) জনকূটনীতির (Public Diplomacy) সংজ্ঞা দিন। জনকূটনীতির উদ্দেশ্য ও পদ্ধতিসমূহ ব্যাখ্যা করুন।

(ঙ) আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে "Liberal Institutionalism" ও "Traditional Liberalism" এর মূল পার্থক্যগুলো আলোচনা করুন।

(চ) আন্তর্জাতিক অর্থব্যবস্থায় "Impossible Trinity" বা "Unholy Trinity" বলতে কী বোঝায়?

(ছ) "Ethnic Conflict" ও "Interstate Conflict"-এ দুই ধরনের সংঘাত সংজ্ঞায়িত করুন।

(জ) জলবায়ু পরিবর্তন সংকট বৈশ্বিক অর্থনীতি ও উৎপাদন ব্যবস্থায় কী ধরনের পরিবর্তন আনছে বলে আপনি মনে করেন?

(ঝ) "আসিয়ান ওয়ে" ধারণাটি ব্যাখ্যা করুন।

(ঞ) ২০২১ সালে সংঘটিত সামরিক অভ্যুত্থান মিয়ানমারের অভ্যন্তরীণ রাজনীতিতে কী পরিবর্তন এসেছে? এক্ষেত্রে পশ্চিমা বিশ্বসহ কয়েকটি আঞ্চলিক/বৃহৎ শক্তির ভূমিকা কী?

২। **যথাযথ তথ্য-উপাত্ত ও উদাহরণ ব্যবহার করে নিম্নবর্ণিত বিশ্লেষণাত্মক প্রশ্নসমূহের উত্তর লিপিবদ্ধ করুন :** ৩×১৫=৪৫

(ক) খাদ্য ও জ্বালানি নিরাপত্তা (Food and Energy Securities) বর্তমান বৈশ্বিক রাজনীতির একটি গুরুত্বপূর্ণ ইস্যু। চলমান যুদ্ধ ও সংঘাতের বৈশ্বিক অভিজ্ঞতার প্রেক্ষাপটে বাংলাদেশ খাদ্য ও জ্বালানি নিরাপত্তা ব্যবস্থাপনার ক্ষেত্রে কী শিক্ষা গ্রহণ করতে পারে?

(খ) ১৯৭০-এর দশক থেকে গড়ে ওঠা চীন-মার্কিন সম্পর্ক এবং সাম্প্রতিক সময়ে এ সম্পর্কের গতি-প্রকৃতি সম্পর্কে আপনার বিশ্লেষণ পেশ করুন।

(গ) ব্রাজিলের বেলেম-এ সম্প্রতি অনুষ্ঠিত COP30 সম্মেলনের অর্জনসমূহের সার-সংক্ষেপ বর্ণনা ও মূল্যায়ন করুন। বিশ্ব বাণিজ্য সম্পর্কিত বিষয়গুলো জলবায়ু সমস্যা সমাধানবিষয়ক আন্তর্জাতিক পর্যায়ের সংলাপকে কেন ও কীভাবে প্রভাবিত করে?

৩। **সমস্যা সমাধানমূলক প্রশ্নগুলোর (Problem Solving Questions) উত্তর দিন :** ১ × ১৫ = ১৫

আপনি জানেন যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে পড়া সম্মুখ সারির একটা দেশ। ধরুন, জলবায়ুর ঝুঁকি মোকাবিলার জন্য বাংলাদেশ সরকার আন্তর্জাতিক মহলের কাছে অর্থ ও প্রযুক্তি সহায়তা চাইছে। কিন্তু উন্নত বিশ্বের দেশসমূহ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় গঠিত তহবিলে (Climate Fund) প্রতিশ্রুত অর্থ পুরোপুরি প্রদান করছে না। বাংলাদেশ কিছু অনুদান ও সহায়তার আশ্বাস পাচ্ছে; কিন্তু তা শর্ত সংবলিত, যা দেশের চলমান উন্নয়ন পরিকল্পনার সাথে সাংঘর্ষিক হতে পারে। এমতাবস্থায়–

(ক) দেশের দীর্ঘমেয়াদি জলবায়ু অভিযোজন নীতি (Climate Adaptation Policy) এবং অর্থনৈতিক অগ্রগতির মধ্যে সম্ভাব্য দ্বন্দ্ব কীভাবে সমাধান করবেন?

(খ) আন্তর্জাতিক জলবায়ু তহবিল থেকে সহায়তা নেওয়ার ক্ষেত্রে রাজনৈতিক চাপ ও কৌশলগত ঝুঁকি কীভাবে মোকাবিলা করবেন?

(গ) জলবায়ু সংক্রান্ত বৈশ্বিক অংশীদারিত্ব সম্প্রসারণে বাংলাদেশের জাতীয় স্বার্থ ও সীমাবদ্ধতা কীভাবে বিবেচনা করা উচিত হবে?

(ঘ) প্রতিশ্রুত অর্থায়ন এবং শর্ত সংবলিত সহায়তার ক্ষেত্রে নীতি বাস্তবায়ন ও নিরীক্ষা নিশ্চিত করতে বাংলাদেশ কোন ধরনের কৌশল অবলম্বন করতে পারে?

(ঙ) বৈশ্বিক জলবায়ু নীতি ও স্থানীয় জনগণের উন্নয়ন অভিলাষের মধ্যে ভারসাম্য বজায় রাখতে বাংলাদেশ কীভাবে কার্যকর ও টেকসই পদক্ষেপ গ্রহণ করতে পারে?